

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ১৭

আরবি মূল আয়াত:

وَمَا تِلْكَ بِيَمِينِكَ يَمُوسَىٰ ﴿١٧﴾

অনুবাদসমূহ:

আর 'হে মূসা, তোমার ডান হাতে ওটা কি?' — আল-বায়ান

'হে মূসা! তোমার ডান হাতে ওটা কী?' — তাইসিরুল

হে মূসা! তোমার ডান হাতে ওটা কি? — মুজিবুর রহমান

And what is that in your right hand, O Moses?" — Sahih International

১৭. আর হে মূসা! আপনার ডান হাতে সেটা কী?(১)

(১) আল্লাহ রাক্বুল আলামীন-এর পক্ষ থেকে মূসা আলাইহিস সালাম-কে এরূপ জিজ্ঞাসা করা নিঃসন্দেহে তার প্রতি কৃপা, অনুকম্পা ও মেহেরবানীর সূচনা ছিল, যাতে বিস্ময়কর দৃশ্যাবলী দেখা ও আল্লাহর কালাম শোনার কারণে তার মনে যে ভয়ভীতি ও আতঙ্ক সৃষ্টি হয়েছিল, তা দূর হয়ে যায়। এটা ছিল একটা হৃদয়তাপূর্ণ সম্বোধন। এছাড়া এ প্রশ্নের আরো একটি রহস্য এই যে, পরক্ষণেই তার হাতের লাঠিকে একটি সাপ বা অজগরে রূপান্তরিত করা উদ্দেশ্য ছিল। তাই প্রথমে তাকে সতর্ক করা হয়েছে যে, আপনার হাতে কি আছে দেখে নিন। তিনি যখন দেখে নিলেন। যে, সেটা কাঠের লাঠি মাত্র, তখন একে সাপে রূপান্তরিত করার মু'জিয়া প্রদর্শন করা হল। [ইবন কাসীর; ফাতহুল কাদীর] নতুবা মূসা আলাইহিস সালাম-এর মনে এরূপ সম্ভাবনাও থাকতে পারত যে, আমি বোধহয় রাতের অন্ধকারে লাঠির স্থলে সাপই ধরে এনেছি। সুতরাং জ্ঞান লাভ করার বা জানার জন্য এ প্রশ্ন ছিল না।

তাফসীরে জাকারিয়া

(১৭) হে মূসা! তোমার ডান হাতে ওটা কি?

-

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন